

স্মারক নং- ৪৬.০৪৫.০১৬.১০.১১.০১১.২০১১- ৭১০


তারিখ: ০৪/০৬/২০১৭খ্রিঃ

**বিষয়ঃ কোরবানীর পশু সুনির্দিষ্ট স্থানে জবেহকরণ ও দ্রুত বর্জ্য অপসারণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালে সমগ্র দেশে নির্দিষ্ট স্থানে পশু কোরবানীর লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন বিষয়ে গত ০৮/০৫/২০১৭ তারিখে স্থানীয় সরকার বিভাগে এক আন্তঃ মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব আবদুল মালেক। সভায় গৃহিত উপজেলা পরিষদ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	২০১৭ সালে সারা দেশে নির্দিষ্ট স্থানে কোরবানীর পশু জবেহ করা নিশ্চিত করার জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপজেলা পরিষদ
২.	বর্ণিত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণ বিষয়ে প্রথম সভা অবশ্যই রমজান মাসের মধ্যে আয়োজন করতে হবে।	উপজেলা পরিষদ
৩.	প্রয়োজনীয় সংখ্যক কোরবানীর পশু জবেহ এর স্থান, ইমাম এবং কসাইদের তালিকা করে কোরবানীর এক মাস পূর্ব হতে নিজ নিজ এলাকার জনগণকে ওয়েবসাইট/ মাইক /লিফলেট/ ব্যানার/ ক্যাবল অপারেটর এর মাধ্যমে একাধিকবার জানানোর ব্যবস্থা করতে হবে। কোন কোরবানীদাতা তার পছন্দের ইমাম সাহেবকে নিয়ে আসলে তাঁকেও তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে।	উপজেলা পরিষদ
৪.	কোরবানীর পশুর হাটে সংশ্লিষ্ট এলাকায় নির্দিষ্টকৃত পশু জবেহ এর স্থান এর তথ্য প্রাপ্যতা নিশ্চিত করতে হবে এবং মাইকে তা জনগণকে জানাতে হবে।	উপজেলা পরিষদ
৫.	উপজেলা পরিষদ কর্তৃক পশু জবাই এর স্থান স্বাস্থ্য সম্মত রাখতে হবে। জবাই শেষে দ্রুত বর্জ্য পরিষ্কার করণ ও ব্লিচিং পাউডার ব্যবহার নিশ্চিত করতে হবে।	উপজেলা পরিষদ
৬.	কোরবানীর শেষে মাংস বহনের জন্য প্রয়োজনে বিতর্কিত নয় এমন বেসরকারী সংস্থার সহায়তায় যানবাহনের ব্যবস্থা করা যেতে পারে।	উপজেলা পরিষদ
৭.	কোরবানীর ১০ দিন আগে সংশ্লিষ্ট এলাকার কোথায় কখন কোরবানীর পশু জবেহ হবে তার বিবরণ সম্বলিত স্লিপ প্রতিটি বাড়িতে পৌছানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা পরিষদ
৮.	কোরবানীর অন্ততঃ ২০ দিন আগে এলাকাভিত্তিক পশুর হাট এবং প্রতিটি ওয়ার্ডে পশু জবেহ এর নির্ধারিত স্থানের তালিকা ব্যানার টাঙ্গিয়ে দিতে হবে।	উপজেলা পরিষদ
৯.	নির্ধারিত স্থানে পশু জবাই এর বিষয়ে উপজেলা পরিষদসমূহ স্থানীয় ক্যাবল অপারেটরদের সহায়তা গ্রহণ করবে।	উপজেলা পরিষদ
১০.	পশু কোরবানীর নির্ধারিত স্থানে পানি সরবরাহ, সেবা প্রার্থীদের বসার স্থান, প্রয়োজনে তাবু টাঙ্গানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।	উপজেলা পরিষদ
১১.	কোন এলাকায় যত্রতত্র/রাস্তাঘাটে যাতে কোরবানীর পশু জবাই না করা হয় এ বিষয়টি নিশ্চিত করতে হবে।	উপজেলা পরিষদ

এমতাবস্থায়, ০৮/০৫/২০১৭ তারিখে অনুষ্ঠিত আন্তঃ মন্ত্রণালয় সভায় গৃহিত উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নকরতঃ অগ্রগতির প্রতিবেদন সংশ্লিষ্ট সকল দপ্তরকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

বিতরণঃ

১. চেয়ারম্যান, ..... উপজেলা পরিষদ
২. উপজেলা নির্বাহী অফিসার, ..... উপজেলা

অনুলিপি :

১. বিভাগীয় কমিশনার, ..... বিভাগ (সকল)।
২. জেলা প্রশাসক, ..... (সকল)
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)